

Fifth Round of India-Azerbaijan Foreign Office

Consultations (November 28, 2022)

November 29, 2022

ভারত-আজারবাইজান বিদেশ দফতরের পঞ্চম দফার পরামর্শ (নভেম্বর 28,2022)

নভেম্বর 29,2022

ভারত-আজারবাইজান বিদেশ দফতরের পঞ্চম দফার পরামর্শ 28 নভেম্বর, 2022 দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বিদেশ দফতরের সচিব (পশ্চিম) শ্রী সঞ্জয় বর্মা। আজারবাইজান প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন সে দেশের উপ বিদেশ মন্ত্রী মাননীয় এলমার মাশ্বাদোভ। চতুর্থ দফার পরামর্শ 2016 সালের 28 জুলাই বাকুতে অনুষ্ঠিত হয়েছিল।

দুই পক্ষ রাজনৈতিক, বাণিজ্যিক ও অর্থনৈতিক, কনসুলার, সাংস্কৃতিক ও শিক্ষা সহ দ্বিপাক্ষিক সম্পর্কের নানা দিক নিয়ে পর্যালোচনা করেছে। বিভিন্ন আঞ্চলিক বিষয় এবং ইউএন ও অন্যান্য বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতার ব্যাপারে উভয় পক্ষ মত বিনিময় করেছে।

এই বছর ভারত ও আজারবাইজানের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 30 বছর পূর্তি। ভারত হচ্ছে অন্যতম প্রধান দেশ যে 1991 সালে স্বাধীন দেশ হিসাবে আজারবাইজানক স্বীকৃতি দিয়েছিল।

দুই দেশ সহযোগিতার ক্ষেত্রগুলিতে সাফল্য সহকারে বৈচিত্র আনতে পেরেছে, বিশেষ করে বাণিজ্য, ব্যবসা এবং শক্তি ক্ষেত্রে। দ্বিপাক্ষিক বাণিজ্য বহুগুণ বেড়েছে, আজ তা প্রায় 100 কোটি ইউএস ডলার (জানুয়ারি- সেপ্টেম্বর, 2022)। ভারতের অশোধিত তেলের গুরুত্বপূর্ণ যোগানদার হিসাবে আজারবাইজান ক্রমশ নিজেকে প্রকাশ করেছে। আজারবাইজানের হাইড্রোকার্বন ক্ষেত্রে ওএনজিসি বিদেশ লিমিটেডের বিশেষ মনযোগ রয়েছে।

প্রায় 1400 ভারতীয় আজারবাইজানে বাস করে। আজারবাইজান ভারতীয় পর্যটকদের কাছে ক্রমশ বিশেষ আকর্ষণীয় দেশ হিসাবে পরিগণিত হচ্ছে।

নিউদিল্লি

নভেম্বর 28,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.